

3 (Sem-1) BEN L

2015

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks  
for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) “বাম পাঁচ হস্তে শোভে পাঁচ প্রহরণ।”

‘প্রহরণ’ শব্দের অর্থ লেখো।

(খ) “উঠানে ডুবিয়া মরি না জানি সাঁতার।

জটে ধরি মাগু মোরে করিল উদ্ধার॥”

বক্তা কে?

(গ) “বীর অতি কোপে যুবো ধরিল সিংহের লেজে  
বিষধরে \_\_\_\_\_ যেমন।”

( শূন্যস্থান পূর্ণ করো )

(ঘ) “মাসমধ্যে মাইশর আপনি ভগবান।”

‘মাইশর’ শব্দে বাংলা মাসের কোনটিকে বোঝানো হয়েছে?

(১) বৈশাখ

(২) আষাঢ়

(৩) অগ্রহায়ণ

(৪) মাঘ

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

A16/75

( Turn Over )

(ঙ) “কহে সখী জয়া শুন গো অভয়া  
এ কি কর ঠাকুরালি।”

‘ঠাকুরালি’ শব্দের অর্থ লেখো।

(চ) মর্ত্যে ভূমিষ্ঠ হয়ে বসুন্ধর কী নামে পরিচিত হয়েছিলেন?

(ছ) “ভূতনাথ ভূতসাথ \_\_\_\_\_ নাশিছে।”  
( শূন্যস্থান পূর্ণ করো )

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) “যদি বীর বলে তবে যাব স্থানান্তরে।”  
কে, কাকে একথা বলেছেন?

(খ) “আমার নগরে বৈস যত ইচ্ছা চাষ চষ  
তিন সন বহি দিও কর।”  
বক্তা কে? কাকে তিনি একথা বলেছেন?

(গ) “দেখ দেখ অহে নন্দি ব্যাসের দুর্দৈব।  
ছিল গোঁড়া বৈষ্ণব হৈল গোঁড়া শৈব।।”  
কে, কার সম্বন্ধে একথা বলেছেন?

(ঘ) “আমারে বুঝিলা বৃদ্ধ বালিকা আপনি।  
ভাবি দেখ তুমি মোর বাপের জননী।।”  
কে, কাকে একথা বলেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

(ক) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে কালকেতুর  
বিবাহ অনুষ্ঠানের সংক্ষিপ্ত বিবরণ দাও।

(খ) দেবী প্রদত্ত ‘অঙ্গুরী’ বিক্রিকে কেন্দ্র করে কালকেতু-মুরারি  
শীল বৃত্তান্তটি যেভাবে ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যে বর্ণিত হয়েছে  
তা লেখো।

(গ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের অন্তর্গত ‘শিব বিবাহ যাত্রা’-র বিবরণ  
দাও।

(ঘ) কাশীতে শিব ব্যাসদেবের ভিক্ষা বারণ করেছিলেন কেন তা  
লেখো।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :  
“যে হৌক সে হৌক আরো করিব যতন।  
মন্ত্রের সাধন কিম্বা শরীর পাতন।।”  
(ব্যাস-ব্রহ্মার কথোপকথন)

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি  
প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের কালকেতু আখ্যানে বর্ণিত  
পৌরাণিক প্রসঙ্গগুলোর উল্লেখ করে কাব্যের ঘটনাধারায়  
তাদের তাৎপর্য বিশ্লেষণ করো।

- (খ) কালকেতু-ফুল্লরার দাম্পত্যজীবনের যে ছবি 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্যে পাওয়া যায় তার বর্ণনা দাও।
- (গ) তোমার পাঠ্য 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্যে অবলম্বনে ভাঁড়ুদত্ত চরিত্রটি বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ঘ) “শরীর করিনু ক্ষয় তোমারে ভাবিয়া।  
কি গুণ বাড়িল তব ব্যাসেরে ছলিয়া॥”  
ব্যাসদেব কেন একথা বলেছিলেন? প্রসঙ্গটি বিশদ করো।
- (ঙ) “শিব ও অন্তর্পূর্ণার সংসারের যে ছবি এঁকেছেন কবি,  
সেখানেও দেখা যায় নীরক্স দারিদ্র্য।” ‘অন্নদামঙ্গল’ কাব্যের  
পাঠ্য অংশ অবলম্বনে সমালোচকের মন্তব্যটি যথার্থ হয়েছে  
কি না, লেখো।
- (চ) ভারতচন্দ্রের শিল্পপ্রতিভা ‘অন্নদামঙ্গল’ কাব্যে কীভাবে ফুটে  
উঠেছে তা কমপক্ষে পাঁচটি উদাহরণ দিয়ে বোঝাও।

\*\*\*